

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ১৬টি প্রতিষ্ঠানকে ৭২.০০ হাজার টাকা জরিমানা

২৪ মে ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়স্থীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৪ জন কর্মকর্তার নেতৃত্বে
ঢাকা মহানগর ও গাজীপুরে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরীর শেরেবাংলা নগর এলাকায় খাদ্য
পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে আমেরিকান বার্গারকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং অভিযোগের ভিত্তিতে ধার্যকৃত মূল্যের
অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে কাকুর কিচেন, নান্না বিরিয়ানী ও আমেরিকান বার্গারকে যথাক্রমে ৬,০০০/- (ছয় হাজার) টাকা,
৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ২১,০০০/- (একুশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা
হয় এবং ৩ জন অভিযোগকারীদেরকে জরিমানার ২৫% হিসাবে ৪,০০০/- (চার হাজার) টাকা তৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানার নেতৃত্বে ঢাকা মহানগরীর শেরেবাংলা নগর
এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আনন্দ বাজার সুপার সপকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং অস্বাস্থ্যকর
পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ২,০০০/- (দুই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। এছাড়া ঢাকা বিভাগীয়
কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে মেসার্স হারুন স্টোর,
মেসার্স সুমন স্টোর, ভুঁইয়া ভ্যারাইটিজ স্টোর ও নূর জেনারেল স্টোরকে যথাক্রমে ৩,০০০/- (তিনি হাজার) টাকা, ৩,০০০/- (তিনি হাজার)
টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে নোয়াব
জেনারেল স্টোরকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

গাজীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক রোজিনা সুলতানার নেতৃত্বে গাজীপুর মহানগরের টঙ্গী থানায় ৬টি প্রতিষ্ঠানকে
২১,০০০/- (একুশ হাজার) টাকা পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা ও খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে জরিমানা আরোপ ও
আদায় করা হয়।

আজকের ৪টি বাজার তদারকিতে ১৬টি প্রতিষ্ঠানকে মোট ৭২,০০০/- (বাহাস্তর হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা
হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ৩ জন অভিযোগকারীদেরকে মৎ ৪,০০০/- (চার হাজার) টাকা প্রদান করা হয়। এছাড়া গত ২২ মে
২০১৬ তারিখে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর বনানী এলাকায় ৫টি
প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও
প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ ও বাজার কর্মকর্তা এসব তদারকি
কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, গাজীপুর।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, গাজীপুর।
- ৭। সিনিয়র সচিবের একাত্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।